# পারমাণবিক অস্ত্র এবং শক্তি

**প্রস্তাবনা**

20শ শতকের সময় পারমাণবিক শক্তির উন্নয়ন এবং ব্যবহার সামরিক বাহিনীর জন্য পারমাণবিক অস্ত্র উৎপাদনের থেকে একটি আনুষঙ্গিক লাভ। এটি সারা বিশ্ব জুড়ে পারমাণবিক প্রযুক্তির অব্যাহত বিস্তার যে ঠিক তা প্রমাণ করে, পারমাণবিক ফিসনকে আরো মঙ্গলকামী হিসেবে স্পষ্ট করে প্রকাশ করারকাজ করে, এবং এই মিথের প্রচার করে যে পারমাণবিক শক্তি সস্তা এবং নিরাপদ। তবে, পারমাণবিক শক্তি আবহাওয়ার সঙ্কটের একটি মিথ্যা সমাধান, এবং পারমাণবিক অস্ত্র বিশ্বব্যাপী শান্তি, নিরাপত্তা, এবং মানবতার গোপনে ক্ষতিসাধন করে। পারমাণবিক অস্ত্র এবং পারমাণবিক শক্তি উভয়ের, নিরাপত্তা, স্বাস্থ্য এবং পরিবেশের প্রতি তাদের অসংখ্য ঝুঁকির সাথে, বাদ দেওয়া অবশ্যই একটি বিশ্বব্যাপী অগ্রাধিকার। জীবাশ্ম জ্বালানির মত, তাদের বাদ দেওয়া জরুরী এবং প্রয়োজনীয় উভয়ই, যাতে হিরোশিমা, নাগাসাকি, শের্নোবল এবং ফুকুশিমার আর পুনরাবৃত্তি না ঘটে।

**দর্শন**

আমাদের দর্শন হল  পারমাণবিক অস্ত্র এবং পারমাণবিক শক্তি বিহীন একটি বিশ্ব, এবং ভবিষ্যতের প্রজন্মকে তেজস্ক্রিয় বর্জ্য পদার্থের বিপজ্জনক মাত্রা থেকে ভারমুক্ত করা। আমাদের অবশ্যই খুব দ্রুত পারমাণবিক শক্তির পর্যায়ক্রমে বন্ধ করতে হবে, যেহেতু এটি বিপজ্জনক এবং এর ফলে দূষণ ও তেজস্ক্রিয় বর্জ্য পদার্থ তৈরী হয়। পরিবর্তে, আমাদের অবশ্যই শক্তির সরবরাহ এবং চাহিদার মধ্যের ফাঁক পূরণ করতে বায়ু, সৌর এবং অন্যান্য নবীকরণযোগ্য জিনিসে বিনয়োগ করতে হবে।

**উদ্দেশ্য**

হিরোশিমা ও নাগাসাকির পারমাণবিকট্র্যাজেডিগুলি, এবং শের্নোবল ও ফুকুশিমার পারমাণবিক বিপর্যয়, পারমাণবিক সমস্যা নিয়েকথা বলার প্রয়োজনীয়তার উপর জোর দেয়। সেই কারণে, গ্রীনস-এর প্রধান উদ্দেশ্য হল নতুন পারমাণবিক শক্তি উৎপাদনের কারখানা নির্মাণ, বিদ্যমান পারমাণবিক রিঅ্যাক্টারগুলোর সময়ের আগেবন্ধ করে দেওয়া, এবং পারমাণবিক শক্তি ব্যবহার বা উৎপাদন করে এমন প্রযুক্তিগুলি যেমন, পারমাণবিক বর্জ্যের ভস্মীকরণ, খাবারের ইরাডিয়েটার, এবং ইউরেনিয়ামের সব ধরণের ব্যবহারের পর্যায়ক্রমে বন্ধ করার উপর একটি আনুষ্ঠানিক আইনত স্থগিতাদেশের আহ্বান জানানো। উপরন্ত, গ্রীনস পারমাণবিক অস্ত্র বিহীন একটি বিশ্বের জন্য প্রচেষ্টা করবে।

**পদক্ষেপ পরিকল্পনা**

যেসব নীতিগুলি সামগ্রিক শক্তির প্রয়োজনীয়তাগুলোকে হ্রাস করে তার সাথে, গ্রীনস পারমাণবিক অস্ত্র এবং পারমাণবিক রিঅ্যাক্টারগুলিকে নিষিদ্ধ করতে এবং পারমাণবিক শক্তি, পারমাণবিক অস্ত্র এবং জ্বালানি ও শক্তির শৃঙ্খলা বিহীন একটি বিশের জন্য নিরাপদ, ইকোলজির দিক দিয়ে মজবুত শক্তির বিকল্পগুলির প্রচার করতে দেশের ভিতরে ও আন্তর্জাতিকভাবে কাজ করবে। সুতরাং, গ্রীনস -

**পারমাণবিক শক্তি**

- দেশের ভিতরে এবং আন্তর্জাতিক উভয়ভাবেই পারমাণবিক শক্তি রদ করার উপর অগ্রাধিকার দেবে

- সরবরাহের নিরাপত্তা প্রদান করে এবং ফসিল ফুয়েল দিয়ে বদল করে, নবীকরণযোগ্য উৎসগুলো থেকে বিদ্যুৎ ও তাপের কার্যকর ব্যবহারের মাধ্যমে শক্তির প্রণালীগুলিকে ডিকার্বনাইজ করবে
- পারমাণবিক উৎসগুলি থেকে বিদ্যুৎ শক্তির উৎপাদন পর্যায়ক্রমে বন্ধ করবে, সমস্ত বিদ্যমান পারমাণবিক রিঅ্যাক্টারগুলিকে বন্ধ করবে, এবং কোনো নতুন পারমাণবিক কারখানার নির্মাণ নিষিদ্ধ করবে

**ইউরেনিয়াম, থোরিয়াম এবং পারমাণবিক বর্জ্য পদার্থ**

- ইউরেনিয়াম ও থোরিয়ামের খনন এবং রপ্তানি নিষিদ্ধ করবে
- ইউরেনিয়াম ও থোরিয়াম খনির কোম্পানিগুলিকে ইউরেনিয়াম ও থোরিয়াম খননের স্থানের জন্য দায়ী করবে এবং তেজস্ক্রিয় বর্জ্যের জঞ্জাল নিরাপদে গঠন ও পর্যবেক্ষণ করতে মাপকাঠি জারি করতে বাধ্য করবে
- বিদ্যমান পারমাণবিক বর্জ্যের নিরাপদ, অনেকদিন ধরে আটকে রাখা এবং নতুন পারমাণবিক বর্জ্যের উৎপাদন পর্যায়ক্রমে বন্ধ করা নিশ্চিত করবে

**পারমাণবিক অস্ত্র**

- যেসব কেন্দ্রগুলো পারমাণবিক অস্ত্রের নিয়োজনকে সক্ষম করে তাদের বাদ দেবে
- পারমাণবিক অস্ত্র মুক্ত জোন, পৌরসভা ও বন্দর তৈরী করবে
- পারমাণবিক অস্ত্রের গবেষণা, উন্নয়ন, এবং উৎপাদনকে বন্ধ করবে
- পারমাণবিক অস্ত্র থেকে অবশিষ্ট বর্জ্য বন্ধ, ধ্বংস, এবং নিরাপদে সুরক্ষিত করবে
- ইউরেনিয়াম এবং পারমাণবিক অস্ত্রের বিস্তারের খনন ও রপ্তানির মধ্যের সম্পর্ককে ভেঙে ফেলবে
- দেশের অঞ্চলের ভিতরে পারমাণবিক অস্ত্রের বিদেশী নিয়োজন নিষিদ্ধ করবে
- পারমাণবিক উপাদানের সমৃদ্ধি ও অস্ত্র বানানোর সাথে সরাসরি সম্পর্কিত খনি কার্যের সরকারী অর্থ প্রদান, গবেষণা, উন্নয়ন ও প্রযুক্তিগুলির কমার্শিয়ালাইজেশন নিষিদ্ধ করবে
- বিদেশী পারমাণবিক অস্ত্র উন্নয়নে অবদান রাখা দেশের ভিতরের উৎপাদন, গবেষণা, এবং অন্যান্য ইনপুট নিষিদ্ধ করবে
- পারমাণবিক অস্ত্র নিষিদ্ধ করতে একটি অর্থপূর্ণ Comprehensive Test Ban Treaty (বিস্তীর্ণ পরীক্ষা নিষিদ্ধকরণ চুক্তি) এবং অন্যান্য আইনসম্মতভাবে বাধ্যতামূলক জিনিসপত্রের অনুমোদন করবে

**NPT এবং পারমাণবিক সন্ত্রাসবাদ**

- 1968 সালের Non-Proliferation of Nuclear Weapons (পারমাণবিক অস্ত্রের বিস্তার রোধ - NPT) এর চুক্তি সংশোধন করে মজবুত বানাবে যাতে এটি খুঁটিয়ে অন-সাইট ইন্সপেকশন সম্পন্ন করে এবং নিশ্চিত করে যে পারমাণবিক উপকরণগুলি শুধুমাত্র শান্তির উদ্দেশ্যেই ব্যবহার করা হচ্ছে
- Convention on the Physical Protection of Nuclear Material (পারমাণবিক উপকরণের বাস্তব সুরক্ষার উপর সম্মেলন), এবং International Convention for the Supression of Acts of Nuclear Terrorism (পারমাণবিক সন্ত্রাসবাদের আচরণ দাবিয়ে রাখার জন্য আন্তর্জাতিক সম্মেলন)-এর সাথে মিল রেখে পারমাণবিক সন্ত্রাসবাদের বিপদ নিয়ে কথা বলবে

- বিশ্বব্যাপী পারমাণবিক বিস্তার আটকানোকে শক্তিশালী করতে এবং অস্ত্র বর্জনের নিয়ম আর শান্তি ও সুরক্ষার প্রতি আন্তর্জাতিক প্রচেষ্টাকে একত্রিত করতে Nuclear-Weapon-Free-Zones (পারমাণবিক অস্ত্র বিহীন জোন - NWFZ)-এর মত একটি আন্তর্জাতিক পদ্ধতি তৈরী করবে

**আন্তর্জাতিক**

- পারমাণবিক উপকরণের আন্তর্জাতিক পরিবহন ও ব্যবসা নিষিদ্ধ করবে
- মহাশূন্যে পারমাণবিক উপকরণ আছে এমন যান লঞ্চ করা সীমিত করবে
- প্রাদেশিক বা আন্তর্জাতিক জলে তেজস্ক্রিয় বর্জ্য পদার্থ ফেলা নিষিদ্ধ করবে
- আন্তর্জাতিক পারমাণবিক বর্জ্য এবং জ্বালানির রডের আমদানি ও আবার প্রসেস করা নিষিদ্ধ করবে
- ইউরেনিয়াম থোরিয়াম খনন ও ব্যবসার আন্তর্জাতিক অবসানের দিকে কাজ করবে
- পারমাণবিক অস্ত্রের নিষিদ্ধকরণের উপর জাতিসঙ্ঘের চুক্তি স্বাক্ষর এবং অনুমোদন সমর্থন করবে

**পারমাণবিক নিরাপত্তা**

- বুঝতে পারা যে পারমাণবিক শক্তি বিশ্বব্যাপী গ্রীনহাউস গ্যাস বের হওয়া কমানোর একটি নিরাপদ, পরিষ্কার, সময়মত, অর্থনৈতিক বা বাস্তব সমাধান নয়
- রিঅ্যাক্টারগুলিকে বন্ধ বা বাদ না দেওয়া পর্যন্ত দুর্ঘটনা আটকাতে পারমাণবিক শক্তি কেন্দ্র এবং সরবরাহ চেনগুলিকে খুঁটিয়ে নিয়ন্ত্রণ করবে
- বিদ্যমান রিঅ্যাক্টারগুলিকে আক্রমণের হাত থেকে বাঁচাবে
- দেশ-ব্যাপী পরমাণুশক্তি চ্যুতির মাধ্যমে তেজস্ক্রিয় বর্জ্যের বিপজ্জনক মাত্রার ভবিষ্যতের প্রজন্মের বোঝা সীমিত করবে
- পেশাদার দিক দিয়ে তেজস্ক্রিয়তার মধ্যে কাজ করা শ্রমিকদের চিকিৎসাগত সহায়তা এবং ক্ষতিপূরণ প্রদান করবে
- ইউরেনিয়াম খনিগুলির কলের স্থান, পরীক্ষা ও অন্বেষণের স্থান, গবেষণা ও উৎপাদন কেন্দ্র ও সংরক্ষণ স্থান সহ তেজস্ক্রিয় উপকরণযুক্ত  সংক্রামিত জায়গাগুলোকে পুনর্বাসন করবে
- বুঝতে পারা যে পারমাণবিক নিরাপত্তা সেই সব দেশের দায়িত্ব যারা পারমাণবিক প্রযুক্তি ব্যবহার করে
- মানুষ, সমাজ এবং পরিবেশের জন্য একটি শক্তিশালী, টেকসই ও দৃশ্যমান পারমাণবিক নিরাপত্তা ও সুরক্ষিত পরিকাঠামকে সমর্থন করবে
- তেজস্ক্রিয় বর্জ্য সৃষ্টির জন্য সব দায়ী পারমাণবিক শক্তি উৎপাদনকারীদের চিরকাল দায়ী রাখবে
- সমস্ত সামরিক ও অসামরিক পারমাণবিক কেন্দ্রগুলি বন্ধ ও বাদ না দেওয়া পর্যন্ত তাদের জন্য স্বাধীন পর্যবেক্ষণের নেটওয়ার্ক স্থাপন করবে
- পারমাণবিক অস্ত্র পরীক্ষায় ভুক্তভুগীদের ক্ষতিপূরণ দেবে
- পারমাণবিক পরীক্ষার স্থানগুলোকে পুনর্বাসিত করবে
- বিদ্যমান তেজস্ক্রিয় উপকরণের নিরাপদ সম্ভাব্যরূপেস্টোর করা, এবং জমির সংগ্রহস্থলে বর্জন বন্ধ করার জন্য একটি নীতি গ্রহণ করতে বিশেষজ্ঞের সাথে কাজ করবে

**পরিষ্কার নবীকরণযোগ্য**

- নবীকরণযোগ্য, খুবই কম কার্বনের উৎস যেমন, অফ- ও অন-শোর বায়ু, জল, সৌর, ফটোভোলটাইক, এবং/অথবা ক্ষুদ্রায়তনের জলবিদ্যুতের মত এগুলির উপর প্রধানত ভিত্তি করা পরিষ্কার শক্তি সৃষ্টি যথেষ্ট বৃদ্ধি করবে
- পরিষ্কার নবীকরণযোগ্য প্রযুক্তি যেমন, বায়ু, সৌর, সামুদ্রিক শক্তি, ভূ শক্তি, এবং ক্ষুদ্রায়তনের জলবিদ্যুতের মত এগুলিকে অধিকতর উন্নয়ন করার প্রতি অঙ্গীকার করবে
- পরিষ্কার নবীকরণযোগ্য শক্তির পরিবেশগত প্রভাব ন্যূনতম করবে, এটা লক্ষ্য করে যে এইগুলির নেতিবাচক পরিবেশগত প্রভাব থাকতে পারে
- সৌর শক্তির বিস্তীর্ণ নিয়োজন সক্ষম করতে সস্তা, বিষাক্ত নয় এমন সৌর ফটোভোলটেইক প্রযুক্তির ব্যাপক উৎপাদনের প্রতি অঙ্গীকার করবে
- খরচের প্রতিযোগিতা বাড়াতে সরকারী কেন্দ্রে লাগানোর জন্য সৌর কোষের বৃহদায়তন সরকারী ক্রয় সমর্থন করবে

## পারমাণবিক দূষণ

- পরিবেশে মানুষের তৈরী তেজস্ক্রিয়তা ভবিষ্যতে মুক্ত করা ন্যূনতম করা, যেহেতু তেজস্ক্রিয়তায় যেকোনো ধরণের বৃদ্ধি জীবন্ত প্রাণীদের উপর একযোগে ক্ষতিকরে
- ইউরেনিয়ামের পারমাণবিক দূষণ এবং খনন থামানো, যার বেশিরভাগটি দেশীয় মানুষের জমিতে ঘটে
- পরিবেশের তেজস্ক্রিয় দূষণের জন্য মজবুত, সাধ্য থাকে এমন শাস্তি স্থাপন করবে

## বিবিধ

- রোগনির্ণয় এবং চিকিৎসার প্রণালীগুলিতে তেজস্ক্রিয় আইসোটোপের অতিমাত্রায় মেডিকেল পেশাদারদের ব্যবহার, এবং বিকল্পের জন্য গবেষণা বাড়াবে
- সম্ভব হলে তেজস্ক্রিয় উপকরণগুলো রিসাইকেল করবে, এবং ক্ষনস্থায়ী মেডিকেল বর্জ্যের জন্য সংরক্ষণ থেকে ক্ষয় উন্নয়ন করবে
- অগভীর জমিতে বর্জন এবং সমস্ত তেজস্ক্রিয় বর্জ্যের ভস্মীকরণ নিষিদ্ধ করবে
- আধুনিকতম মাপকাঠি এবং বৈজ্ঞানিক পর্যবেক্ষণের কৌশলের অধীনে ছাড়া বিজ্ঞানে তেজস্ক্রিয় উপকরণের ব্যবহার সীমিত করবে

## রেফারেন্সগুলি:


https://www.un.org/en/sections/issues-depth/atomic-energy/index.html

https://policy/greenparty.org.uk/ey.html

https://gp.org/cgi-bin/vote/propdetail?pid-519

https://www.cagreens.org/platform/nuclear-contamination

https://politics.stackexchange.com/questions/48378/why-are-green-parties-so-often-opposed-to-nuclear-power

https://www.reddit.com/r/GreenParty/comments/34zs7c/why_are_the_green_party_against_civil_nuclear/

https://www.globalgreens.org/globalcharter-english#climate

https://www.facebook.com/thegreenparty/posts/nuclear-power-is-a-false-solution-to-the-climate-crisis-we-need-to-reduce-demand/175238475867684/

https://greens.org.au/policies/nuclear-and-uranium

https://indiagreensparty.org/policies/nuclear-and uranium/

https://www.theguardian.com/environment/2012/jul/30/japan-green-party-nuclear-power